প্রধানমন্ত্রী ফেলোশিপের আওতায় পিএইচডি ও মাস্টার্স কোর্সে আবেদনকারীদের জন্য সাধারণভাবে জিজ্ঞাসিত প্রশ্ন ও উত্তর

(Frequently Asked Questions-FAQ)

১. সংযুক্ত দলিলাদি এবং মেইল গৃহীত হয়েছে কিনা তা কতদিনের মধ্যে কিভাবে জানা যাবে?

উত্তর: মেইল গৃহীত হয়েছে কিনা তা স্বয়ংক্রিয় ইমেইল নোটিফিকেশনের মাধ্যমে জানা যাবে। আবেদনের হার্ডকপি প্রাপ্তির পর প্রকল্প দপ্তর হতে প্রাপ্তি স্বীকার মেইল প্রেরণ করা হবে।

২. নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বলতে কি বুঝানো হয়েছে?

উত্তর: নিয়ন্ত্রণকারী কতৃপক্ষ বলতে বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদানকারী কর্তৃপক্ষকে বুঝানো হয়েছে।

৩. প্রধানমন্ত্রী ফেলোশিপে মাস্টার্স ও পিএইচডির সময়সীমা কত বছর?

উত্তর: সর্বোচ্চ ২ বছরের মাস্টার্স (সর্বোচ্চ ব্যয় ৬০ লক্ষ) এবং সর্বোচ্চ ৫ বছরের পিএইচডি (সর্বোচ্চ ব্যয় ২ কোটি) কোর্সের জন্য প্রধানমন্ত্রী ফেলোশিপে আবেদন করা যাবে।

৪. নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ কিকি এবং নির্বাচন প্রক্রিয়ার জন্য কতদিন সময় প্রয়োজন?

উত্তর:

নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ	নির্ধারিত সময়
আবেদন এবং সংযুক্ত দলিলাদি যাচাই বাছাইকরণ এবং প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশকরণ	আবেদন দাখিলের শেষ সময় হতে আনুমানিক ১৫ কার্যদিবস
প্রাথমিকভাবে নির্বাচিতদের মৌখিক পরীক্ষার তারিখ নির্ধারণ	প্রাথমিকভাবে নির্বাচিতদের অবহিতকরণের পর হতে আনুমানিক ১০ কার্যদিবস
চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশকরণ	মৌখিক পরীক্ষা সমাপ্তির পর হতে আনুমানিক ১৫ কার্যদিবস

৫. প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য একাধিকবার আবেদন করা যাবে কিনা?

উত্তর: প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য একাধিকবার আবেদন করা যাবে ।

৬. প্রধানমন্ত্রী ফেলোশিপে বিসিএস, সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য) ও বেসরকারি আবেদনকারীদের নিকট হতে আবেদন আহবান করা হয়েছে। এই তিন গ্রুপের আবেদনরীদের মাঝে চূড়ান্ত প্রার্থী নির্বাচনের আনুপাতিক হার কি হবে?

উত্তর: বিসিএস কর্মকর্তাগণ ৭০%, অন্যান্য সরকারি কর্মকর্তাগণ ২০% এবং সর্বসাধারণ ১০% হারে নির্বাচিত হবেন। তবে কোন গ্রুপে নির্ধারিত উপযুক্ত সংখ্যক আবেদন পাওয়া না গেলে পরবর্তী বিজ্ঞপ্তিতে তা সমন্বয় করা হবে।

৭. অফার লেটার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে TOEFL iBT/ IELTS স্কোর আবশ্যক না হলে TOEFL iBT/ IELTS এর শর্ত শিথিলযোগ্য কি না?

উত্তর: অফার লেটার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে TOEFL iBT/ IELTS স্কোর আবশ্যক না হলেও TOEFL iBT/ IELTS এর শর্ত শিথিলযোগ্য নয়। উল্লেখ্য যে, TOEFL iBT/ IELTS স্কোর প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচনের অন্যতম একটি মানদন্ড।

৮. অফার লেটারে অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্ত উল্লেখ থাকলে তা গ্রহণযোগ্য কি না?

উত্তর: অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্তযুক্ত অফার লেটার গ্রহণযোগ্য।

৯. প্রধানমন্ত্রী ফেলোশিপের সুবিধাগুলো কি কি? /প্রধানমন্ত্রী ফেলোশিপে টিউশন ফি কি পরিমাণ এবং কিভাবে প্রদেয় হবে?

উত্তর: ক.যাত্রার প্রাক্কালে প্রথম বছরের টিউশন ফি এবং পরবর্তীতে বছর প্রতি টিউশন ফি বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে প্রদান করা হবে। তবে নির্বাচিত কোন আবেদনকারী কতৃক ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষকে প্রদত্ত টিউশন ফি এর প্রমাণপত্র দাখিল করা হলে তা সরাসরি আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রদান করা হবে।

খ.সাধারণ ক্ষেত্রে যাত্রার প্রাক্কালে, প্রথম বছরের পূর্ণ মাসিক ভাতা, প্রাথমিক সংস্থাপন ব্যয়, শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য প্রদেয় ভাতা, স্বাস্থ্য বীমা ব্যয়, আবেদন প্রক্রিয়ায় বাধ্যতামূলক ব্যয় (টোফেল / জিআরই / আইইএলটিএস / জিম্যাট, আবেদন ফি, বিভিন্ন স্কোর প্রেরণ ফি) এবং অর্ধেক ভ্রমণব্যয় প্রদান করা হবে। পরবর্তীতে প্রতি বছর সম্পূর্ণ বছরের মাসিক ভাতা প্রদান করা হবে।

প্রদেয় মাসিক ভাতা (Monthly Living Allowance) ছক

দেশ ভিত্তিক গ্রুপ	গ্রুপভূক্ত দেশের নাম	মাসিক ভাতা		সংস্থাপন ভাতা (সম্পূর্ণ শিক্ষা সময়কালে এক বার মাত্র প্রদেয়)	
		পিএইচডি	মাস্টার্স	পিএইচডি	মাস্টার্স
গ্রুপ– ১	জাপান, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, চীন, হংকং, কাতার, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কুয়েত, অস্ট্রেলিয়া, কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রাজিল, মেক্সিকো, রাশিয়ান ফেডারেশন, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, ইতালি, সুইডেন, জার্মানি, গ্রীস, নেদারল্যান্ডস, পর্তুগাল, স্পেন, তুরস্ক এবং ইউরোপ, ওশেনিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকান দেশসমূহ	২৩০০ ইউএসডি /তার সমতুল্য	১৮০০ ইউএসডি /তার সমতুল্য	৫০০০ ইউএসডি /তার সমতুল্য	২৫০০ ইউএসডি /তার সমতুল্য
গ্রুপ - ২	জর্ডান, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, ওমান, ভারত, মালয়শিয়া, মরিশাস, দক্ষিণ আফ্রিকা, মিশর, মধ্যপ্রাচ্য।	২০০০ ইউএসডি /তার সমতুল্য	১৬০০ ইউএসডি /তার সমতুল্য	৪৫০০ ইউএসডি /তার সমতুল্য	২৩০০ ইউএসডি /তার সমতুল্য
গ্রুপ- ৩	এশিয়া মহাদেশের অন্যান্য দেশ	১৮০০ ইউএসডি /তার সমতুল্য	১৩০০ ইউএসডি /তার সমতুল্য	৪০০০ ইউএসডি /তার সমতুল্য	২০০০ ইউএসডি /তার সমতুল্য

প্রদেয় অন্যান্য ভাতা (Other Allowances) ছক :

অন্যান্য ভাতা	পিএইচডি	মাস্টার্স
শিক্ষা উপকরণ ক্রয় নিমিত্তে প্রদেয় ভাতা (সম্পূর্ণ শিক্ষা সময়কালে এক বার মাত্র প্রদেয়)	সর্বোচ্চ ২০০০ ইউএসডি	সর্বোচ্চ ১০০০ ইউএসডি
স্বাস্থ্য বীমা ব্যয় (প্রতিবছর প্রদান করা হবে)	সর্বোচ্চ ২০০০ ইউএসডি	সর্বোচ্চ ২০০০ ইউএসডি
ভ্রমণব্যয় (সম্পূর্ণ শিক্ষা সময়কালে এক বার মাত্র প্রদেয়)	সর্বোচ্চ ৫০০০ ইউএসডি	সর্বোচ্চ ৩০০০ ইউএসডি
আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণ ব্যয় (সম্পূর্ণ শিক্ষা সময়কালে প্রকৃত ব্যয়ের প্রমাণক প্রাপ্তি সাপেক্ষে প্রদেয়)	সর্বোচ্চ ৩০০০ ইউএসডি	সর্বোচ্চ ১০০০ ইউএসডি

১০. প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য প্রাথমিক ও চূড়ান্ত প্রার্থী নির্বাচনের মানদন্ডসমূহ কি কি?

উত্তর:

প্রাথমিক নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ (পিএইচডি ও মাস্টার্স উভয় কোর্সের জন্য প্রযোজ্য)	**চূড়ান্ত নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ (পিএইচডি ও মাস্টার্স উভয় কোর্সের জন্য প্রযোজ্য)**
সর্বশেষ প্রকাশিত The Times Higher Education World University overall Rankings অনুসারে অফার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের Ranking (৩০%)	মৌখিক পরীক্ষা (৫০%)
বিগত পরীক্ষা সমূহের ফলাফল (২০%)	প্রার্থীর কর্মের (service) সঙ্গে এসডিজি অর্জনে সরকারি নীতি প্রণয়ন এবং বাস্তবায়নে সম্পৃক্ততা (২০%, নীতি প্রণয়নে ১০% এবং বাস্তবায়নে ১০% হিসেবে)
Statement of Purpose (৩০%)	চাকুরিকাল (১০%): চাকুরিকাল ১০ বছর বা তার অধিক হলে সর্বোচ্চ ১০ নম্বর
টোফেল/ আইইএলটিএস পরীক্ষার ফলাফল (২০%)	সর্বশেষ প্রকাশিত The Times Higher Education World University overall Rankings অনুসারে অফার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের Ranking (২০%)

১১. কোন বিশেষ কারণে ভর্তির সেশন পরিবর্তনের প্রয়োজন হলে কি করণীয়?

উত্তর: চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে আবশ্যিকভাবে নির্ধারিত বিশ্ববিদ্যালয় ও নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে হবে। প্রার্থীর ব্যক্তিগত কোন কারণে নির্ধারিত কোর্সে অংশগ্রহণে ব্যর্থ হলে নির্বাচিত প্রার্থীর মনোনয়ন সরাসরি বাতিল বলে গণ্য হবে। তবে কোন বিশেষ কারণে ভর্তির সেশন পরিবর্তনের প্রয়োজন হলে প্রার্থীকে প্রকল্প কর্তৃপক্ষ (প্রকল্প পরিচালক) বরাবর সুস্পষ্ট কারন উল্লেখ করে আবেদন করতে হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ফেলোশিপ প্রাপ্তির পর বিশ্ববিদ্যালয় পরিবর্তনের কোন সুযোগ আছে কি না?

উত্তর: ফেলোশিপ প্রাপ্তির পর কোন বিশেষ কারণে বিশ্ববিদ্যালয় পরিবর্তনের প্রয়োজন হলে প্রকল্প কর্তৃপক্ষ (প্রকল্প পরিচালক) বরাবর সুস্পষ্ট কারণ উল্লেখ করে আবেদন করতে হবে এবং আবেদনকৃত বিশ্ববিদ্যালয়টি The Times Higher Education World University Rankings 2018 র‍্যাঙ্কিং অনুযায়ী প্রথম ৩০০ এর মধ্যে হতে হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. কাঙ্ক্ষিত অধ্যয়নে বর্ধিত সময় প্রয়োজন হলে মনোনীত ফেলোশিপের সময় বৃদ্ধি করা হবে কি না?

উত্তর: কাঙ্ক্ষিত অধ্যয়নে বর্ধিত সময় প্রয়োজন হলে তাৎক্ষনিকভাবে প্রকল্প দপ্তরকে এবং স্ব স্ব মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। বর্ধিত সময়ে অধ্যয়নের ব্যয়ভার প্রধানমন্ত্রী ফেলোশিপ হতে প্রদেয় হবে না।

১৪. ফেলোশিপের জন্য নির্বাচিত প্রার্থীকে কতদিনের মধ্যে বন্ড প্রদান করতে হবে?

উত্তর: নির্বাচিত প্রার্থীকে ফেলোশিপ কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় সময়সীমার মধ্যে বন্ড প্রদান করতে হবে।

১৫. Statement of Purpose এর কোন নমুনা বা গাইড লাইন আছে কি?

উত্তর: ইংরেজিতে অনধিক ১০০০ (এক হাজার) শব্দে Statement of Purpose দাখিল করতে হবে এবং নাম পদবি উল্লেখ করা যাবে না। Statement of Purpose এর গাইড লাইন নিম্নরুপঃ

Criteria	**Score**
Applicant's suitability for the scholarship	4
Ability to Explain the professional expereince	4
Abillity to Explain the future prospects of utlilizing the acquired knowledge throuhg this study program	10
Linkage of proposed research/study with SDG implementation	12
Total	**30**

১৬. প্রধানমন্ত্রী ফেলোশিপের টিউশন ফি ও অন্যান্য ভাতা কোন মুদ্রায় প্রদান করা হবে?

উত্তর: প্রার্থী যে দেশের বিশ্ববিদ্যালয়ে পড়তে যাবেন সে দেশের মুদ্রায় উল্লিখিত ইউ এস ডলারের সমপরিমাণ অর্থ বিনিময় (convert) হবে।